গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
লক্ষ্মীপুর
(রাজস্ব শাখা)
www.lakshmipur.gov.bd

স্মারক নং- ০৫.৪২.৫১০০.০০০.০০৯.০৭.০০০২.২৬-৭৫৯ তারিখ: ০২ আষাঢ়, ১৪৩৩ / ১৬ জুন, ২০২৬ ।

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

ভূমি মন্ত্রণালয়, মাঠ প্রশাসন-১ অধিশাখার স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৬.১১.০৫০.১৪.৬৬৩, তারিখ: ১৫ আগস্ট, ২০২৪খ্রি. ও স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৬.১১.০৫০.১৪.৪৭৭, তারিখ: ১৪ আগস্ট, ২০২৫খ্রি. এর পরিপ্রেক্ষিতে লক্ষ্মীপুর জেলা ও উপজেলা রাজস্ব প্রশাসনের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের মাধ্যমে পূরণের লক্ষ্যে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী লক্ষ্মীপুর জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নলিখিত শর্তে Online-এ https://dclakshmipur.teletalk.com.bd দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫) | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| অফিস সহায়ক | ১৮ (আঠার) টি | গ্রেড-২০ : ৮২৫০-২০০১০/- | ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ'সহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>খ) ভূমি মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২১ এর তফসিল-১৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

<u>আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে:</u>

০১। ১৬/০৭/২০২৬ খ্রি. তারিখে প্রার্থীর বয়সসীমা নির্ধারণের ক্ষেত্রে সোমবার, নভেম্বর ১৮, ২০২৪ তারিখে প্রকাশিত বাংলাদেশ গেজেটের অধ্যাদেশ নং ১১, ২০২৪ অনুযায়ী ১৮-৩২ বছর হতে হবে। শিক্ষাগত যোগ্যতার সনদ এবং জাতীয় পরিচয়পত্রের ভিত্তিতে বয়স নির্ধারণ করা হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০২। এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকের ১ নম্বর কলামে শূন্য পদ পূরণে **"ভূমি মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের কমকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২১"** অনুসরণ করা হবে। এতদ্ব্যতীত নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সরকারি যাবতীয় বিধি-বিধান/ আদেশ/নিয়মাবলি এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধিতে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

০৩। সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূল কপি জমা দিতে হবে। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

০৪। প্রার্থী মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গানার সন্তান/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/ শারীরিক প্রতিবন্ধী/তৃতীয় লিঙ্গের হলে আবেদনপত্রে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৫। সরকারের সর্বশেষ জারিকৃত নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে।

০৬। বর্ণিত পদে নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালা অনুসারে লিখিত ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। কেবলমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবে।

০৭। আবেদন আগামী ১৮/০৬/২০২৬খ্রি. তারিখ সকাল ১০:০০ টা হতে ১৬/০৭/২০২৬খ্রি. তারিখ বিকাল ৫:০০ টা পর্যন্ত অনলাইনে দাখিল করা যাবে। সরাসরি/ডাকযোগে কোন দরখাস্ত গ্রহণ করা হবে না। সরাসরি বা ডাকযোগে প্রেরিত সকল দরখাস্ত বাতিল মর্মে গণ্য হবে।

০৮। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/অনাপত্তিপত্র/কাগজপত্রাদির মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। দাখিল/উপস্থাপনযোগ্য কাগজপত্রের তালিকা নিম্নরূপ:

ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্র;

খ) ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;

গ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্র;(প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীল দ্বারা সত্যায়ন করতে হবে);

ঘ) লক্ষ্মীপুর জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত অনলাইন নাগরিকত্ব সনদ;

ঙ) জাতীয় পরিচয়পত্র/অনলাইন জন্মনিবন্ধন সনদ;

চ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গানার সন্তান) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ;

ছ) সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র;

জ) আবেদনকারী মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা, বীরাঙ্গানার সন্তান হলে আবেদনের সাথে সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/প্রশাসক কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র এবং

ঝ) অন্যান্য কোটা যেমন ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী এবং তৃতীয় লিঙ্গের কোটায় প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত পরিপত্র অনুযায়ী উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন/সনদপত্র।

০৯। নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীকে চূড়ান্ত নিয়োগ প্রদানের পূর্বে প্রার্থীর চারিত্রিক প্রতিপাদন সম্পাদন করা হবে।

১০। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুল বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে দরখাস্ত/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

চলমান পাতা-০২

১১। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য হিসেবে বিবেচিত হবেন না।

১২। **অনলাইনে আবেদনপত্র পুরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি https://dclakshmipur.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i) Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৮/০৬/২০২৬খ্রি. সকাল ১০:০০ টা।

ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১৬/০৭/২০২৬খ্রি. বিকাল ০৪:০০ টা। উক্ত সময়সীমার মধ্যে User Id প্রাপ্ত প্রার্থীগণ Online- এ Submit এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে Telelalk pre-paid mobile SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online এ আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৮০ pixel) এবং রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online এ আবেদনপত্র (Application From) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে যদি Applicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's copy প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বর এর মাধ্যমে ০২ (দুই)টি SMS করে আবেদন ফি বাবদ ৫০/- (একশত) টাকা, টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৬/- (ছয়) টাকাসহ অফেরতযোগ্য মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, **"Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"**

**প্রথম SMS** : **DCLAKSHMIPUR**<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

**Example** : **DCLAKSHMIPUR ABCDEF**

Reply : Applicant's Name, Tk,56 Will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DC LAKSHMIPUR Yes PIN and send to 16222.

দ্বিতীয় **SMS** : **DCLAKSHMIPUR** <space>**Yes**<space>**PIN** লিখে send করতে হবে 16222 নম্বরে।

**Example** : **DCLAKSHMIPUR YES 12345678**

Reply : Congratulations Applicant`s Name, payment completed successfully for DC LAKSHMIPUR Application for post xxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx)

(চ) Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত মোবইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র Teletalk pre-paid mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i) User ID জানা থাকলে: **DCLAKSHMIPUR** <space>**Help**<space>**User**<space>**User ID** & send to 16222

Example : **DCLAKSHMIPUR Help User ID ABCDEF** send to 16222

ii) PIN Number জানা থাকলে: **DCLAKSHMIPUR** <space>**Help**<space>**PIN**<space>**PIN No** & send to 16222

Example : **DCLAKSHMIPUR Help PIN 12345678** send to 16222

(ঝ) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(ঞ) Online এ আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা alljobs.query@teletalk.com.bd বা dclakshmipur@mopa.gov.bd ই-মেইল এ যোগাযোগ করা যাবে। (Mail এর subject-এ Organization Name: DCLAKSHMIPUR, Post Name:******, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

১৩। অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য নিয়োগ কার্যক্রমের যে কোন পর্যায়ে বা নিয়োগ দানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ/ভূয়া প্রমানিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৪। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়, লক্ষ্মীপুর (রাজস্ব শাখা) www.lakshmipur.gov.bd এর ওয়েবসাইটে এবং http://dclakshmipur.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল http://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য

১৫। পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারীকে কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৬। আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৭। নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

(এস এম মেহেদী হাসান)
জেলা প্রশাসক
লক্ষ্মীপুর
ফোন: ০২৩৩৪৪৪১৪১০
dclakshmipur@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪২.৫১০০.০০০.০০৯.০৬.০০০২.২৬- ৭৫৯

তারিখ: ০২ আষাঢ়, ১৪৩৩ / ১৬ জুন, ২০২৬ ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, ৯৮, শহিদ তাজউদ্দিন আহমদ স্মরণি, তেজগাঁও, ঢাকা- ১২০৮।
০৫. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

(এস এম মেহেদী হাসান)
জেলা প্রশাসক
লক্ষ্মীপুর

স্মারক নং- ০৫.৪২.৫১০০.০০০.০০৯.০৬.০০০২.২৬- ৭৫৯

তারিখ: ০২ আষাঢ়, ১৪৩৩ / ১৬ জুন, ২০২৬ ।

অনুলিপি অবগতি ও বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. জেলা প্রশাসক,..........................................(সকল)।
০২. পুলিশ সুপার, লক্ষ্মীপুর।
০৩. সিভিল সার্জন, লক্ষ্মীপুর।
০৪. উপপরিচালক, স্থানীয় সরকার, লক্ষ্মীপুর।
০৫. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, লক্ষ্মীপুর।
০৬. ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স (১১তলা), হোল্ডিং#৩/এ.৫/এ.৭/এ. রোড#১৭, গুলশান-১, ঢাকা-১২১২।
০৭. প্রশাসক, উপজেলা পরিষদ, লক্ষ্মীপুর সদর/রায়পুর/রামগঞ্জ/রামগতি/কমলনগর, লক্ষ্মীপুর।
০৮. প্রশাসক, লক্ষ্মীপুর /রায়পুর /রামগঞ্জ/রামগতি পৌরসভা, লক্ষ্মীপুর।
০৯. উপজেলা নির্বাহী অফিসার, লক্ষ্মীপুর সদর/রায়পুর/রামগঞ্জ/রামগতি/কমলনগর, লক্ষ্মীপুর।
১০. আরডিসি/এনডিসি/এলএও/জিসিও/আরআরডিসি, লক্ষ্মীপুর।
১১. সহকারী কমিশনার (ভূমি), লক্ষ্মীপুর সদর/রায়পুর/রামগঞ্জ/রামগতি/কমলনগর, লক্ষ্মীপুর।
১২. সহকারী কমিশনার, ........................................ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, লক্ষ্মীপুর।
১৩. সহকারী কমিশনার, আইসিটি শাখা, লক্ষ্মীপুর। তাকে বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসকের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো ।
১৪. জেলা তথ্য অফিসার, লক্ষ্মীপুর। জেলার গুরুত্বপূর্ণ এবং জনসমাগমপূর্ণ স্থানে জনস্বার্থে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৫. সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, লক্ষ্মীপুর (নিয়োগ বিজ্ঞপ্তিটি এ কার্যালয়ের ওয়েব সাইটের নোটিশ বোর্ডে আপলোড করার জন্য এবং জেলার প্রতিটি ইউনিয়ন ডিজিটাল সেন্টারে প্রেরণের অনুরোধসহ)।
১৬. সভাপতি/সেক্রেটারী, লক্ষ্মীপুর প্রেস ক্লাব, লক্ষ্মীপুর।
১৭. বিজ্ঞাপন ম্যানেজার (জাতীয় দৈনিক পত্রিকা) আমার দেশ। অত্র সাথে সংযুক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি আগামী ১৭/০৬/২০২৬খ্রি. তারিখের মধ্যে ০১ (এক) দিনের জন্য পত্রিকার ভিতরের পাতায় সল্প পরিসরে প্রকাশ করে প্রকাশিত পত্রিকার ০৫ (পাঁচ) কপি এবং বিধিমোতাবেক বিজ্ঞপ্তি প্রকাশের বিল নিম্নস্বাক্ষরকারীর বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, এ সংক্রান্ত বরাদ্দ পাওয়ার পর দাবীকৃত বিলের টাকা পরিশোধ করা হবে।
১৮. বিজ্ঞাপন ম্যানেজার (স্থানীয় দৈনিক পত্রিকা) মেঘনার তীর। অত্র সাথে সংযুক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি আগামী ১৭/০৬/২০২৬খ্রি. তারিখের মধ্যে ০১ (এক) দিনের জন্য পত্রিকার ভিতরের পাতায় সল্প পরিসরে প্রকাশ করে প্রকাশিত পত্রিকার ০৫ (পাঁচ) কপি এবং বিধিমোতাবেক বিজ্ঞপ্তি প্রকাশের বিল নিম্নস্বাক্ষরকারীর বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, এ সংক্রান্ত বরাদ্দ পাওয়ার পর দাবীকৃত বিলের টাকা পরিশোধ করা হবে।
১৯. অফিস কপি/নোটিশ বোর্ড।

(এস এম মেহেদী হাসান)
জেলা প্রশাসক
লক্ষ্মীপুর